

উল্লাপাড়ায় উপবৃত্তির টাকা কর্তনের ঘটনার তদন্ত শুরু আবারও ছাত্র বিক্ষোভ

■ উল্লাপাড়া (পিরাজগঞ্জ) সংবাদদাতা

উপবৃত্তির টাকা অবৈধভাবে কেটে নেয়া এবং এ ব্যাপারে থানায় মামলা দায়েরের ঘটনায় উল্লাপাড়ার বন্যাকান্দি এন এন উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা মঙ্গলবার আবারও স্কুল প্রশাসন ও ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করে। এ সময় প্রধান শিক্ষক গোলাম মওলাসহ শিক্ষকদের স্কুলে ঢুকতে দেয়া হয়নি। শিক্ষার্থীরা আওয়ামী লীগ নেতা নজরুল ইসলামের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহারেরও দাবি জানায়। এ ঘটনায় তিন সদস্যের একটি তদন্ত কমিটি করা হয়েছে।

গত ২৯ আগস্ট উপবৃত্তির টাকা বন্টনের সময় শিক্ষকরা জোর করে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ৪/৫ শ' টাকা কেটে নেয়ার প্রতিবাদে শিক্ষার্থীরা প্রধান শিক্ষক গোলাম মওলা ও স্কুল পরিচালনা কমিটির সদস্যদের অপসারণের দাবিতে স্কুল ও উপজেলা পরিষদ চত্বরে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচি পালন করে। পরে প্রশাসনের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়। উদ্ভূত পরিস্থিতিতে স্কুল ৩০ ও ৩১ আগস্ট ছুটি দেয়া হয়। মঙ্গলবার স্কুল পুনরায় খুললে শিক্ষার্থীরা আবারও বিক্ষোভ মিছিল শুরু করে। এদিকে শিক্ষার্থীদের প্ররোচিত করে স্কুলের আসবাবপত্র ভাঙচুরের অভিযোগ এনে স্কুল কমিটির সভাপতি আব্দুর রশিদ স্থানীয় আওয়ামী লীগ নেতা নজরুল ইসলামসহ কয়েকজনের বিরুদ্ধে উল্লাপাড়া থানায় একটি মামলা দায়ের করেছেন।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আকরাম আলী জানান, বন্যাকান্দি স্কুলের স্টাফ ঘটনায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা আবুল কালাম আজাদের নেতৃত্বে তিন সদস্যের কমিটি বুধবার থেকে তদন্ত কাজ শুরু করেছে।